

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৩৩১-আইন/২০১৯।—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিল এর—

(১) ক্রমিক নং ৬ক এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৬খ এবং এন্ট্রিসমূহ সংশোধিত হইবে, যথা :—

“৬খ।	বেঢ়ে সহকারী	৩০ বৎসর	মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে: (ক) অফিস সহায়ক পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; (খ) কোনো স্থীরূপ বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (গ) কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে প্রতি মিনিটে গতি ২০ শব্দ এবং ইংরেজিতে ২৫ শব্দ। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোনো স্থীরূপ বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে প্রতি মিনিটে গতি ২০ শব্দ এবং ইংরেজিতে ২৫ শব্দ।”;
------	-----------------	---------	---	--

(২৩৭৮৫)

মূল্য : টাকা ৪.০০

(২) ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পর নিম্নরূপ
ক্রমিক নং ৮ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“৮ক।	জারিকারক	৩০ বৎসর	মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে: অফিস সহায়ক পদে অন্যন ৩ (তিনি) বৎসরের চাকুরী এবং কম্পিউটার টাইপে বাস্তব অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার টাইপিং এ অভিজ্ঞতা।”
------	----------	---------	--	--

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

মোঃ আমিনুল ইসলাম
পরিচালক (সিনিয়র জেলা জজ)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.